

কারিগরি বোর্ডে পাস ৮৫ দশমিক ৫৮ শতাংশ

■ সমকাল প্রতিবেদক

এইচএসসি ও সমমানের পরীক্ষায় কারিগরি শিক্ষা বোর্ডে চলতি বছরে পাসের হার শতকরা ৮৫ দশমিক ৫৮। ৯৮ হাজার ২৯৬ পরীক্ষার্থীর মধ্যে ৮৪ হাজার ১২৫ জন পাস করেছেন। জিপিএ ৫ পেয়েছেন ছয় হাজার ৪৩০ জন। সাধারণ আট শিক্ষা বোর্ডের তুলনায় কারিগরিতে পাসের হার ২০ শতাংশ বেশি। গত বছর এ বোর্ডে পাস করেছিলেন ৮৫ দশমিক শূন্য ২ ভাগ পরীক্ষার্থী। পাসের হার বেশিতে ধারাবাহিকতা ধরে রেখেছে কারিগরি শিক্ষা বোর্ড।

কারিগরিতে পাসের হারে ছেলেদের চেয়ে এগিয়ে মেয়েরা। মেয়েদের পাসের হার ৮৮ দশমিক ৯৬ ভাগ। ছেলেদের পাসের হার ৮৪ দশমিক শূন্য ৪ ভাগ। জিপিএ ৫ প্রাপ্তিতেও মেয়েরা অনেক এগিয়ে। ৩০ হাজার ৩১২ ছাত্রীর মধ্যে পূর্ণ জিপিএ ৫ পেয়েছেন তিন হাজার ৩৬৪ জন। শতকরা হিসাবে যা ১১ দশমিক ১০ ভাগ। পাস করেছেন ২৬ হাজার ৯৬৫ জন। সে তুলনায় অনেক পিছিয়ে ছেলেরা। ৬৭ হাজার ৯৮৪ ছাত্রের মধ্যে পাস করেছেন ৫৭ হাজার ১৬০ জন। জিপিএ ৫ পেয়েছেন তিন হাজার ৬৬ জন। যা শতকরা ৪ দশমিক ৫১ ভাগ। কারিগরি বোর্ডের অধিকাংশ

পরীক্ষা ছিল ব্যবসা ব্যবস্থাপনা বিভাগে। ৮৯ হাজার ৩৮৪ পরীক্ষার্থী ছিলেন এই বিভাগে। এতে পাসের হার শতকরা ৮৭ দশমিক ৪৯ ভাগ। এ বিভাগেও ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে।



আজ
ঢাকা

মুক্তিযোদ্ধা মহাজোট : আলোচনা সভা, সকাল ১০টায় জাতীয় প্রেস ক্লাবে।

বসবন্ধু সাংস্কৃতিক জোট : শোকর্যালি, বেলা ১১টায় জাতীয় প্রেস ক্লাবে।

স্বাধীনতা চিকিৎসক পরিষদ : আলোচনা সভা, বিকেল ৩টায় জাতীয় জাদুঘর মিলনায়তনে।

রবি : ই-লাইব্রেরির উদ্বোধন, বেলা ১১টায় ঢাবির বিজনেস স্টাডিজ অডিটোরিয়ামে।

বসবন্ধু সমাজকল্যাণ পরিষদ : আলোচনা সভা, বিকেল সাড়ে ৪টায় ঢাবি টিএসসি মিলনায়তনে।

আরশিনগর ফাউন্ডেশন : কথা কবিতা গান, বিকেল ৫টায় জাতীয় জাদুঘরের সুফিয়া কামাল মিলনায়তনে।